

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১২

২১ চৈত্র ১৪২৬
তারিখ: -----
০৪ এপ্রিল ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ভফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

শিশু খাদ্য আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসঙ্গে।


বিশ্বজুড়ে নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট চলমান সংকটময় পরিস্থিতিতে আন্তর্জাতিক ও স্থানীয় বাজারে শিশু খাদ্যের চাহিদার তুলনায় সরবরাহে ঘাটতি সৃষ্টির আশঙ্কা রয়েছে। বিদ্যমান পরিস্থিতিতে, অত্যাবশ্যিক পণ্য বিবেচনায় বাজারে শিশু খাদ্যের মূল্যে স্থিতিশীলতা বজায় রাখা এবং সরবরাহে সম্ভাব্য সংকট মোকাবেলায় শিশু খাদ্য আমদানির লক্ষ্যে ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার সর্বোচ্চ ৫% নির্ধারণ করা যাবে।

২। আমদানিকৃত পণ্য নভেল করোনা ভাইরাসমুক্ত রাখার জন্য আমদানিকারক কর্তৃক সর্বোচ্চ সতর্কতা নিশ্চিত করতে হবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২৬৮